গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৫১

**মায়ের দুধ সৃষ্টিকর্তার সবচেয়ে বড় নেয়ামত**

**- রাজশাহী সিভিল সার্জন**

রাজশাহী, ১০ ভাদ্র (২৫ আগস্ট):

মাতৃদুগ্ধের কোনো বিকল্প নেই উল্লেখ করে মায়ের দুধকে সৃষ্টিকর্তা প্রদত্ত সবচেয়ে বড় নেয়ামত বলে মন্তব্য করেছেন রাজশাহী সিভিল সার্জন ডা. এস, আই, এম রাজিউল করিম। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে আজ সোমবার (২৫ আগস্ট) সকালে রাজশাহী সিভিল সার্জন কার্যালয় কর্তৃক কার্যালয়টির সম্মেলন কক্ষে আয়োজিত এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

সিভিল সার্জন বলেন, একজন মাকে মাতৃদুগ্ধ খাওয়ানোর ক্ষেত্রে অনেক রকম জটিলতার মধ্য দিয়ে যেতে হয়। সেক্ষেত্রে মানসিক প্রস্তুতি হলো সব থেকে বড় বিষয়। বাচ্চা গর্ভধারণের সময়ই মাকে স্থির করে নিতে হবে যে, সে বাচ্চাকে পুরো দু'বছর বা বাচ্চার যতদিন প্রয়োজন ততোদিন মায়ের দুধ খাওয়াবে। এই মানসিকতা যদি শুরুতেই তৈরি হয় তাহলে আর জটিলতা থাকবে না।

প্রাতিষ্ঠানিক ডেলিভারির ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, ডেলিভারি যদি সরকারি প্রতিষ্ঠানে হয় তাহলে শিশুকে দুধ খাওয়ানোর সঠিক নিয়ম জানা সহজ হয়। কেননা সরকারি প্রতিষ্ঠানগুলোতে প্রশিক্ষিত ও দক্ষ নার্স রয়েছে। তারা এ বিষয়ে সার্বিক সহযোগিতা করতে পারে।

প্রতিটি মায়ের গর্ভকালীন চিকিৎসা ভালো প্রতিষ্ঠানে হওয়া দরকার উল্লেখ করে এসময় তিনি সকল সচেতন নাগরিককে মাতৃদুগ্ধ বিষয়ক স্বাস্থ্য বার্তা সর্বত্র পৌঁছে দেওয়ার আহ্বান জানান।

মেডিকেল অফিসার ডা. বায়েজীদ-উল ইসলাম এর সঞ্চালনায় আলোচনা সভায় রাজশাহী সদর সার্কেল অতিরিক্ত পুলিশ সুপার হেলেনা আকতার, পরিবার পরিকল্পনার উপপরিচালক আব্দুর রাজ্জাক, জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরিন, ডেপুটি সিভিল সার্জন মোসা. মাহবুবা খাতুনসহ সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, এনজিও প্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন ও বিধিমালা বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করা হয়।

এর আগে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে সিভিল সার্জন কার্যালয় থেকে এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় সিভিল সার্জন কার্যালয়ে এসে শেষ হয়।

এবারের মাতৃদুগ্ধ সপ্তাহের প্রতিপাদ্য হচ্ছে, 'মাতৃদুগ্ধকে অগ্রাধিকার দিন, টেকসই সহায়ক ব্যবস্থা গড়ে তুলুন'।

.........................................................

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৫.৪০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd